রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১০, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৪শে কার্তিক ১৪০১/৮ই নভেম্বর ১৯৯৪

নং এস, আর,ও ৩১৮-আইন/৯৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে এবং এতদুদ্দেশ্যে প্রণীত এবং বিদ্যমান সকল বিধিমালা বাতিলক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরনামা—এই বিধিমালা কর্মকর্তা ও কর্মচারী (বিস্ফোরক পরিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লেখিত যোগ্যতা ;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ; এবং



মূল্য: টাকা ৩.০০

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্যকোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

২। কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে নিয়োগ করা হইয়া থাকিলে, তাহার বয়ঃসীমা উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকা-কালীন সময়ের জন্য শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন,

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে। যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাই-কৃত ব্যক্তিকে শিক্ষানবিসি হিসাবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এইরূপে এক বা একাধিকবারে সম্প্রসারণ করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তপক্ষ মনে করে যে তাহার আচরণ বা কাজকর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেইপদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ বা কাজকর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ বা কাজকর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না, যে পর্যন্ত তিনি, সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় পাস করেন ও প্রশিক্ষণ সাফল্যের সহিত সম্পন্ন করেন।

৭। কতিপয় পদে নিয়োগ সম্পর্কে বিশেষ বিধান।—সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বৎসর হওয়া সাপেক্ষে, তফসিলের—

(ক) ক্রমিক নং ৮ এ উল্লিখিত পদে নিয়োগের ক্ষেত্রে Stenographers and Steno-typists (Ministries. Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 সংস্থাপন মন্ত্রণালয়ের ১৬-৫-৭৮ ইং তারিখে প্রজ্ঞাপন নং এস আর ও১০৯-এল/৭৮-ED-SWIII-১-১৮/৭৮-১২৮ এর বিধানাবলী যোজ্য হইবে; এবং

(খ) ক্রমিক নং ৯ ও ১২-তে উল্লিখিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে L. D. A-cum-typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Daftary, Despatch Rider and MLSS (Ministries, Divisions and Attached Departments) Rcruitment Rules, 1985 এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

তফসিল

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা। | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্রধান বিস্ফোরক পরিদর্শক | | বিস্ফোরক পরিদর্শকের পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ২ | বিস্ফোরক পরিদর্শক | | সহকারী বিস্ফোরক পরিদর্শকের পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩ | সহকারী বিস্ফোরক পরিদর্শক | | (ক) ২০% পদ কারিগরী সহকারীগণের পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতি: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রীসহ ফিডার পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| | | ৩০ বৎসর | (খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগ: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন শাস্ত্রে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী, অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪ | তত্ত্বাবধায়ক | | সাঁট-মুদ্রাক্ষরিক, উচ্চমান সহকারী, হিসাব সহকারী-তথা-ক্যাশিয়ারের পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে বা পদসমূহে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫ | কারিগরী সহকারী | | (ক) ৪০% পদ পরীক্ষাগার সহকারীর পদোন্নতির মাধ্যমে; এবং | পদোন্নতি: |
| | | ৩০ বৎসর | (খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পরীক্ষাগার সহকারী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | | | সরাসরি নিয়োগ: |
| | | | | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান এবং রসায়ন শাস্ত্রসহ স্নাতক ডিগ্রী। |
| ৬ | হিসাব সহকারী-তথা-ক্যাশিয়ার | | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিকের পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৭ | উচ্চমান সহকারী | | (ক) ৬০% পদ নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিকের পদোন্নতির মাধ্যমে; এবং | পদোন্নতি: |
| | | | | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | ৩০ বৎসর | (খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগ: |
| | | | | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ৮ | সাঁট-মুদ্রাক্ষরিক | এই সকল পদে নিয়োগের ক্ষেত্রে বিধি ৭ এর ব্যবস্থা অনুসরণ করিতে হইবে। | | |
| ৯ | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | পরীক্ষাগার সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফকেট (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| ১১ | গাড়ী চালক | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ হালকা ও ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে। |
| ১২ | এম, এল, এস, এস, | | এই পদে নিয়োগের ক্ষেত্রে বিধি ৭ এর ব্যবস্থা অনুসরণ করিতে হইবে। | .. |
| ১৩ | পরীক্ষাগার সহগামী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ১৪ | গার্ড | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ ফয়জুর রাজ্জাক
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।